

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা স্থগিত

রাবি প্রতিনিধি

২০ জুলাই ২০২১ ১৭:৫০ |

আপডেট: ২০ জুলাই ২০২১

১৮:৪৫



রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আজ মঙ্গলবার দুপুরে এ বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. সুলতান-উল-ইসলাম।

উপাচার্য সুলতান-উল-ইসলাম বলেন, ‘আগামী ১৬, ১৭ ও ১৮ আগস্ট বিশ্ববিদ্যালয়ের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা হওয়ার কথা ছিল। কিন্তু করোনার কারণে এই সময়ে ভর্তি পরীক্ষা নেওয়া সম্ভব হচ্ছে না। পরীক্ষা স্থগিত করতে গতকাল সোমবার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। আজ সেটা অনুমোদন দিয়েছি।’

advertisement

তিনি আরও বলেন, ‘ঈদের পর অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সামঞ্জস্য রেখে পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করা হবে।’ ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ru.ac.bd) থেকে

দেখা যাবে।